**ITC Hotels Limited**
Corporate Office
ITC Green Centre
10 Institutional Area, Sector 32
Gurugram-122 001, Haryana, India
Tel.: 91 124 417 1717
Website: www.itchotels.com

8th July, 2025

The Manager
Listing Department
National Stock Exchange of India Ltd.
Exchange Plaza
Plot No. C-1, G Block
Bandra-Kurla Complex
Bandra (East)
Mumbai 400 051

The General Manager
Dept. of Corporate Services
BSE Ltd.
P. J. Towers
Dalal Street
Mumbai 400 001

Dear Sirs,

**Publication of Notice re: 2nd Annual General Meeting of the Company to be held on 11th August, 2025 through Video Conferencing / Other Audio Visual Means**

We enclose, in terms of Regulation 30 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015, a copy of the newspaper clipping of the Notice published on the subject matter on 8th July, 2025, in Kolkata edition of 'Aajkaal' (Bengali), newspaper.

Yours faithfully,
ITC Hotels Limited

DIWAKER DINESH
Digitally signed by DIWAKER DINESH
Date: 2025.07.08 15:27:23 +05'30'

Diwaker Dinesh
Company Secretary

Encl.: As above.

আজকাল ৩
কলকাতা মঙ্গলবার ৮ জুলাই ২০২৫

## ITC HOTELS LIMITED

CIN: L55101WB2023PLC263914
**রেজিস্টার্ড অফিস:** ভার্জিনিয়া হাউস, ৩৭, জওহরলাল নেহরু রোড, কলকাতা-৭০০০৭১, পশ্চিমবঙ্গ
ফোন: +৯১ ৩৩ ২২৮৮ ৯৩৭১ • ই-মেল: investorservices@itchotels.in
ওয়েবসাইট: www.itchotels.com

### দ্বিতীয় বার্ষিক সাধারণ সভার নোটিস

এতদ্দ্বারা সদস্যদের জ্ঞাতার্থে জানানো হচ্ছে যে, ভারত সরকারের কর্পোরেট কারবার বিষয়ক মন্ত্রক দ্বারা জারিকৃত সার্কুলারসমূহ-সহ পঠনীয় কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩ ও এর অধীনে রচিত প্রাসঙ্গিক রুলসমূহের সংস্থানাধীনে কোম্পানির দ্বিতীয় বার্ষিক সাধারণ সভা ('এজিএম') **সোমবার, ১১ আগস্ট, ২০২৫ তারিখে সকাল ১০টা ৩০ মিনিটে** (ভারতীয় প্রমাণ সময়) ভিডিও কনফারেন্সিং/ অন্যান্য দৃশ্য-শ্রাব্য উপায়ে আয়োজিত হবে।

নিয়ন্ত্রক প্রয়োজনীয়তা অনুসারে, দ্বিতীয় বার্ষিক সাধারণ সভার নোটিস ('এজিএম নোটিস') এবং প্রতিবেদন ও হিসাবখাত ২০২৫, কেবলমাত্র ইলেকট্রনিক মাধ্যমে সেইসব সদস্যদের প্রতি প্রেরিত হবে যাঁরা কোম্পানি/ কোম্পানির রেজিস্ট্রার ও শেয়ার ট্রান্সফার এজেন্ট ('আরটিএ') কেফিন টেকনোলজিস লিমিটেড বা নিজ নিজ ডিপোজিটরির কাছে তাঁদের ই-মেল আইডি রেজিস্টার করে রেখেছেন। এই নথিগুলি কোম্পানির ওয়েবসাইট **www.itchotels.com** এবং যেখানে কোম্পানির শেয়ারগুলি তালিকাভুক্ত রয়েছে অর্থাৎ, ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া লিমিটেড-এর **www.nseindia.com** ও বিএসই লিমিটেড-এর **www.bseindia.com** ওয়েবসাইটেও পাওয়া যাবে।

সার্টিফিকেট ফর্মে শেয়ার ধারণকারী যে সকল সদস্য কোম্পানি/ আরটিএ-র কাছে তাঁদের ই-মেল আইডি রেজিস্টার করেননি, আইএসআর-১ ফর্মে উল্লিখিত নথিপত্র-সহ যথাযথভাবে পূরণ করা ও স্বাক্ষরিত আইএসআর-১ ফর্ম (কোম্পানির ওয়েবসাইটে উপলব্ধ রয়েছে) **einward.ris@kfintech.com** আইডি-তে ই-মেলের মাধ্যমে পাঠিয়ে অথবা কেফিন টেকনোলজিস লিমিটেড, সেলেনিয়াম বিল্ডিং, টাওয়ার 'বি', প্লট নং ৩১ ও ৩২, ফিনান্সিয়াল ডিস্ট্রিক্ট, ননাক্রমগুড়া, সেরিলিঙ্গমপল্লী রঙ্গারেড্ডি, হায়দরাবাদ-৫০০০৩২, তেলঙ্গানা ঠিকানায় ডাকযোগে জমা দিয়ে নিজ নিজ ই-মেল আইডি রেজিস্টার করিয়ে নিতে তাঁদের প্রতি অনুরোধ জানানো হচ্ছে।

ডিমেটিরিয়ালাইজ ফর্মে শেয়ার ধারণকারী যে সকল সদস্য ডিপোজিটরি পার্টিসিপ্যান্ট ('ডিপি')-এর কাছে তাঁদের ই-মেল আইডি রেজিস্টার করেননি, সংশ্লিষ্ট ডিপি-র কাছে নিজ নিজ ই-মেল আইডি রেজিস্টার করিয়ে নিতে তাঁদের প্রতি অনুরোধ জানানো হচ্ছে। বার্ষিক সাধারণ সভা (এজিএম) চলাকালীন রিমোট ই-ভোটিং বা ই-ভোটিংয়ের মাধ্যমে ভোট দেওয়ার পদ্ধতি এজিএম নোটিসে দেওয়া থাকবে।

আইটিসি হোটেলস লিমিটেড
দিবাকর দীনেশ
তারিখ: ৬ জুলাই, ২০২৫ — কোম্পানি সেক্রেটারি